



স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৪.২০- ৪৪৫

তারিখ: ১০ অগ্রহায়ন ১৪২৭  
২৫ নভেম্বর ২০২০

বিষয়: ব্যাংক শাখা থেকে নন-ড্রয়াল সার্টিফিকেট ও হিসাব নম্বর পরিবর্তন/সংশোধন সংক্রান্ত প্রত্যয়ন পত্র সঠিকভাবে ইস্যুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সমগ্র দেশের এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণের বেতন-ভাতা ৪টি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক যথা সোনালী ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ ও রূপালী ব্যাংক লিঃ এর বিভিন্ন শাখায় শিক্ষক-কর্মচারীগণের নামে খোলা হিসাব নম্বরের মাধ্যমে ছাড় করা হয়। মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণ তাঁদের হিসাব নম্বর পরিবর্তন, ভুল সংশোধন, ব্যাংক শাখা পরিবর্তন, বকেয়া/স্বগিতকৃত বিলের দাবী ইত্যাদির জন্য অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেন, যার সাথে প্রতিকার প্রার্থীরা সংশ্লিষ্ট ব্যাংকের শাখা ব্যবস্থাপক কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন/ নন ড্রয়াল সনদ দাখিল করেন।

২। প্রতিকার প্রার্থীদের আবেদনের সাথে ব্যাংক শাখা কর্তৃক প্রদত্ত অধিকাংশ প্রত্যয়নে/নন-ড্রয়াল সনদে নিম্নরূপ তথ্যগত ত্রুটি/ অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়:

- (ক) প্রত্যয়ন পত্রে স্মারক নম্বর ও তারিখ থাকে না;
- (খ) ব্যাংক ব্যবস্থাপকের স্বাক্ষরের সাথে তারিখ থাকে না;
- (গ) নাম সম্বলিত সীল থাকে না এবং সীলের সাথে শাখা কোড/ আইবিএস নম্বর(প্রয়োজ্য ক্ষেত্রে) থাকে না;
- (ঘ) সংশ্লিষ্ট ব্যাংক ব্যবস্থাপকের ফোন/মোবাইল নম্বর থাকে না; ফলে প্রত্যয়ন পত্রের সঠিকতা যাচাই করা সম্ভবপর হয় না;
- (ঙ) অধিকাংশ ক্ষেত্রে প্রত্যয়নে বক্তব্য অসম্পূর্ণ থাকে যেমন নন-ড্রয়াল সনদের ক্ষেত্রে বর্ণিত হিসাবে সর্বশেষ এমপিও'র অর্থ জমা হওয়ার তারিখ, সর্বশেষ স্থিতির পরিমাণ কত তা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকে না;
- (চ) হিসাব নম্বর সংশোধনের ক্ষেত্রে প্রত্যয়নে ভুল হিসাব নম্বর উল্লেখ থাকে না। তাছাড়া এমপিও'র অর্থ লেনদেনের চলমান হিসাব নম্বর (প্রয়োজনীয় ক্ষেত্রে ভুলের কারণ উল্লেখসহ) এবং সঠিক হিসাব নম্বর সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকে না;
- (ছ) শাখা পরিবর্তন সংক্রান্ত পত্রেও কেন শাখা পরিবর্তন করা প্রয়োজন এর সুস্পষ্ট ব্যাখ্যা থাকে না।

৩। উপরে বর্ণিত তথ্যগত ত্রুটি/সমস্যা/অস্পষ্টতার কারণে অত্র অধিদপ্তর কর্তৃক প্রতিকার প্রার্থীদের আবেদন নিষ্পত্তি করতে অসুবিধা হয়। ফলে সেবা প্রার্থীগণ দ্রুত ও যথাযথ প্রতিকার পাওয়া থেকে বঞ্চিত হয়।

৪। এমতাবস্থায়, উপরে উল্লিখিত তথ্যগত ত্রুটি/অসামঞ্জস্যতা নিরসনের লক্ষ্যে তাঁর আওতাধীন সকল শাখা ব্যবস্থাপকগণকে যথাযথ ও পূর্ণাঙ্গ প্রত্যয়ন/নন-ড্রয়াল সনদ ইস্যু করার নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। তাছাড়া পাসপোর্টের এনওসি ও পুলিশ ক্লিয়ারেন্স এর ন্যায় ব্যাংক থেকে প্রদানকৃত প্রত্যয়ন /নন-ড্রয়াল সনদ স্ব স্ব ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করার ব্যবস্থা থাকলে এর সঠিকতা যাচাই করা আরও সহজতর হয়।

বিতরণ:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, রূপালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক, শিক্ষা সেল, সোনালী ব্যাংক লিঃ/অগ্রণী ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ/রূপালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ/সুপার .....(সকল এমপিওভুক্ত মাদ্রাসা)

(কে,এম,রুহুল আমীন)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
ফোন: ৪১০৩০১৫৯  
dg@dme.gov.bd

৪/৫